



দেশের সামনে বড় চ্যালেঞ্জ সতর্ক থাকার আহ্বান প্রধানমন্ত্রীর



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, দেশের বর্তমান পরিস্থিতিতে সরকারকে নানা চ্যালেঞ্জের মধ্য দিয়ে দায়িত্ব পালন করতে হচ্ছে। তিনি জানান, একটি সংকটাপন্ন অবস্থা থেকে সরকার দায়িত্ব গ্রহণ করেছে এবং সামনে আরও কঠিন সময় অপেক্ষা করছে। এ অবস্থায় সবাইকে দায়িত্বশীল আচরণ করতে হবে, অন্যথায় দেশের বড় ধরনের ক্ষতি হতে পারে।

রোববার (৩১ মে) রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউটে সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৮৫তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে বিএনপি আয়োজিত এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

তারেক রহমান বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান কঠোর পরিশ্রম, সততা ও দূরদর্শী নেতৃত্বের মাধ্যমে বাংলাদেশকে একটি শক্ত অবস্থানে নিয়ে গিয়েছিলেন। দেশের মানুষের কাছে জিয়া ও বাংলাদেশ যেন একই প্রতীকে পরিণত হয়েছিল। তিনি বলেন, বর্তমান সরকারও জিয়াউর রহমানের আদর্শ ও রাষ্ট্র পরিচালনার ধারা অনুসরণের চেষ্টা করছে।

তিনি আরও বলেন, মানুষ সবসময় তাদের কাছেই আশা করে, যাদের ওপর আস্থা রাখা যায় এবং যাদের কাছ থেকে ইতিবাচক কিছু পাওয়ার সম্ভাবনা থাকে।

সমাজে নৈতিক, পারিবারিক ও ধর্মীয় মূল্যবোধের অবক্ষয় নিয়ে উদ্বেগ প্রকাশ করে প্রধানমন্ত্রী বলেন, নতুন প্রজন্মের মধ্যে এসব মূল্যবোধ গড়ে তুলতে সরকার কাজ করছে। এ বিষয়ে তথ্য ও শিক্ষা মন্ত্রণালয়কে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার নির্দেশনাও দেওয়া হয়েছে বলে জানান তিনি।